# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 25 June, 2025

চট্টগ্রাম মহানগর বিএনপির ৩১টি ওয়ার্ডে পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হয়েছে।মঙ্গলবার (২৪ জুন) নগর বিএনপির আহ্বায়ক এরশাদ উল্লাহ ও সদস্যসচিব নাজিমুর রহমান স্বাক্ষরিত এসব কমিটি প্রকাশ করা হয়।এর আগে গত ৩ জুন দল পুনর্গঠনের অংশ হিসেবে এসব ওয়ার্ডের তিন সদস্যের কমিটি ঘোষণা দেওয়া হয়েছিল।

ওই কমিটিতে আহ্বায়ক ও সদস্যসচিব ছাড়াও একজন করে সিনিয়র যুগ্ম-আহ্বায়ক করা হয়। গতকাল ঘোষিত ৩১ সদস্যের এসব কমিটিতে আহ্বায়ক ও সদস্যসচিব ছাড়াও একজন করে সিনিয়র যুগ্ম-আহ্বায়ক এবং একাধিক যুগ্ম-আহ্বায়ক ও সদস্যের নাম ঘোষণা করা হয়েছে। প্রতিটি ওয়ার্ডকে আগামী ৪৫ দিনের মধ্যে সম্মেলনের মাধ্যমে ইউনিট ও ওয়ার্ড সম্মেলন সম্পন্ন করার জন্য বলা হয়েছে।

পূর্ণাঙ্গ কমিটি গঠন হওয়া ওয়ার্ডগুলো হচ্ছে- ২নং জালালাবাদ ওয়ার্ড, ৩নং পাঁচলাইশ ওয়ার্ড, ৪নং উত্তর চান্দগাঁও ওয়ার্ড, ৫নং মোহরা ওয়ার্ড, ৬নং পূর্ব ষোলশহর ওয়ার্ড, ৭নং পশ্চিম ষোলশহর ওয়ার্ড, ৮নং শুলকবহর ওয়ার্ড, ৯নং উত্তর পাহাড়তলী ওয়ার্ড, ১৪নং লালখানবাজার ওয়ার্ড, ১৫নং বাগমনিরাম ওয়ার্ড, ১৬নং চকবাজার ওয়ার্ড, ১৭নং পশ্চিম বাকলিয়া ওয়ার্ড, ১৯নং দক্ষিণ বাকলিয়া ওয়ার্ড, ২০নং দেওয়ানবাজার ওয়ার্ড, ২২নং এনায়েত বাজার ওয়ার্ড, ২৩নং উত্তর পাঠানটুলি ওয়ার্ড, ২৬নং ষোলশহর ওয়ার্ড, ২৭নং আগ্রাবাদ ওয়ার্ড, ২৯নং পশ্চিম মাদারবাড়ী ওয়ার্ড, ৩০নং পূর্ব মাদারবাড়ী ওয়ার্ড, ৩১নং আলকরণ ওয়ার্ড, ৩২নং আন্দরকিল্লা ওয়ার্ড, ৩৩নং ফিরিঙ্গিবাজার ওয়ার্ড, ৩৪নং পাথরঘাটা ওয়ার্ড, ৩৬নং গোসাইলডাঙ্গা ওয়ার্ড,

৪০নং উত্তর পতেঙ্গা ওয়ার্ড, ৪১নং দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ড, ৪২নং সাংগঠনিক ওয়ার্ড, ৪৩নং আমিন শিল্পাঞ্চল সাংগঠনিক ওয়ার্ড, ৪৪নং সাংগঠনিক ওয়ার্ড ও ৪৫নং দক্ষিণ চান্দগাঁও ওয়ার্ড।

পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা প্রসঙ্গে নগর বিএনপির আহ্বায়ক এরশাদ উল্লাহ ও সদস্যসচিব নাজিমুর রহমান বলেন, নগরীতে আগে ৪১টি ওয়ার্ড ও ২টি সাংগঠনিক ওয়ার্ড মিলে মোট ওয়ার্ড ছিল ৪৩টি।এবার আরও ৫টি সাংগঠনিক ওয়ার্ড বৃদ্ধি করে মোট ওয়ার্ড হয়েছে ৪৮টি।এর মধ্য থেকে ৩১টি ওয়ার্ডের পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হয়েছে।দলকে তৃণমূল পর্যায় থেকে সুসংগঠিত করার লক্ষ্যে মহানগর বিএনপি ধারাবাহিকভাবে পুনর্গঠনের কার্যক্রম বাস্তবায়ন করছে।পর্যায়ক্রমে মহানগরের অবশিষ্ট ওয়ার্ডগুলোর কমিটিও ধারাবাহিকভাবে গঠনের প্রক্রিয়ায় রয়েছে, যা যথাসময়ে প্রকাশ করা হবে।

এরশাদ উল্লাহ ও নাজিমুর রহমান বলেন, এই কমিটি গঠনের ক্ষেত্রে দলীয় অভিজ্ঞতা, রাজনৈতিক প্রজ্ঞা, অতীত আন্দোলনে ভূমিকা, সাংগঠনিক দক্ষতা এবং স্থানীয় পর্যায়ে জনপ্রিয়তাকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।যারা দুঃসময়ে দলের পাশে থেকেছেন, ত্যাগ স্বীকার করেছেন এবং সক্রিয়ভাবে সংগঠন পরিচালনায় ভূমিকা রেখেছেন, তাদেরকেই যথাযথ মূল্যায়নের ভিত্তিতে এ কমিটিগুলো গঠন করা হয়েছে।

মহানগর বিএনপি মনে করে, এই পূর্ণাঙ্গ কমিটি গুলোর মাধ্যমে দলের ভেতর গণতান্ত্রিক চর্চা আরও সুসংহত হবে এবং তৃণমূলে সংগঠনের ভিত হবে আরও মজবুত ও কার্যকর।

তারা আরও বলেন, মহানগর বিএনপি দৃঢ়ভাবে বিশ্বাস করে, এ ধরনের সাংগঠনিক শক্তিশালীকরণ আগামী দিনে দলের রাজনৈতিক কার্যক্রমকে আরও ত্বরান্বিত করবে এবং এই উদ্যোগের মাধ্যমে বিএনপি গণমানুষের প্রত্যাশার প্রতীক হয়ে আরও জোরালো ভূমিকা পালন করবে।

বিএনপি চট্টগ্রাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:00

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/9738273694